

১০. জাতি ও শ্রেণী ব্যবস্থার মধ্যে পার্থক্য আলোচনা কর। [Discuss the difference between caste and class system]

জাতি ব্যবস্থা	শ্রেণী ব্যবস্থা
১. জাতিভেদ প্রথা হল সামাজিক স্তর বিন্যাসের একটি বিশেষ রূপ, যা ভারতীয় হিন্দুসমাজের এক অনন্য বৈশিষ্ট্য।	১. শ্রেণী ব্যবস্থা হল একটি বিশ্বজনীন ব্যবস্থা, সমস্ত আধুনিক জটিল সমাজ ব্যবস্থায় এই রূপটি দেখা যায়।
২. জাতিভেদ প্রথা হল আরোপিত মর্যাদা ভিত্তিক।	২. শ্রেণী ব্যবস্থা হল অর্জিত মর্যাদানুযায়ী।
৩. জাতি হল একটি বন্ধ ব্যবস্থা। এতে সামাজিক সচলতা নেই।	৩. শ্রেণী হল একটি মুক্ত ব্যবস্থা। এতে সামাজিক সচলতা সম্ভব।
৪. জাতির উৎপত্তির সাথে জড়িয়ে থাকে, ধর্মীয় বিষয়।	৪. শ্রেণী ব্যবস্থার সাথে এমন কোনো ধর্মীয় বিষয় জড়িয়ে নেই। শ্রেণী ব্যবস্থা অর্থনৈতিক বৈষম্যের ওপর ভিত্তি করে গড়ে ওঠে।
৫. জাতিভেদ প্রথা হল একটি সুপ্রাচীন ব্যবস্থা।	৫. শ্রেণী ব্যবস্থার উৎপত্তি অনেক পরে, এটি আধুনিক যুগের ব্যবস্থা।
৬. জাতির ধারণার সাথে যুক্ত থাকে পবিত্র অপবিত্র বা শুচিতা-অশুচিতার ধারণা। অপবিত্র জাতিকে অস্পৃশ্য হিসাবে মনে করা হয়।	৬. শ্রেণী ব্যবস্থায় এ জাতীয় ধারণা নেই। এতে মর্যাদাগত পার্থক্যের দিকটাই প্রকট।
৭. জাতিভেদ প্রথায় সামাজিক ও পারস্পরিক সম্পর্কের ক্ষেত্রে বাধা সৃষ্টি করা হয়।	৭. শ্রেণী ব্যবস্থায় পারস্পরিক সম্পর্ককে সীমায়িত করা হয়।



জাতি ব্যবস্থা	শ্রেণী ব্যবস্থা
<p>৮. জাতিব্যবস্থায় পারস্পরিক সামাজিক দূরত্বের বিষয়টি অতিমাত্রায় প্রকট ও সোশ্কেলে দূরত্বও অনেক বেশি।</p>	<p>৮. শ্রেণী ব্যবস্থায় এ জাতীয় দূরত্ব অনেক কম এবং তা খুব প্রকট নয়।</p>
<p>৯. জাতিভেদ প্রথা হল কুসংস্কারাচ্ছন্ন, সামাজিক প্রগতির পরিপন্থী।</p>	<p>৯. শ্রেণী ব্যবস্থা সামাজিক প্রগতিকে অক্ষুণ্ণ ও অবিচল রাখে।</p>
<p>১০. জাতি হল একটি সময়সত্ত্ব গোষ্ঠী।</p>	<p>১০. অন্যদিকে শ্রেণী ব্যবস্থার ক্ষেত্রে এ কথা বলা যায় না।</p>
<p>১১. জাতিভেদ হল একটি জটিল ব্যবস্থা।</p>	<p>১১. শ্রেণীব্যবস্থা অপেক্ষাকৃত জটিল প্রকৃতির।</p>
<p>১২. জাতি-সচেতনতা গণতন্ত্র, জাতীয়তা ও জাতীয় ঐক্যের পক্ষে ক্ষতিকারক।</p>	<p>১২. শ্রেণী ব্যবস্থার সঙ্গে গণতন্ত্রের কোনো বিরোধ নেই। এ দুটি পাশাপাশি অবস্থান করতে ও চলতে পারে।</p>